সমকাল

তারিখ 22 OCT 2017
৩ কলাম ৮

# ‘ঘ’ ইউনিটের প্রশ্ন ফাঁস হয়নি

—— ঢাবি কর্তৃপক্ষ

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষায় প্রশ্ন ফাঁসের কোনো ঘটনা ঘটেনি বলে জানিয়েছে প্রশাসন। সামাজিক বিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক সাদেকা হালিম বলেছেন, সুষ্ঠুভাবে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে এবং কোনো ধরনের প্রশ্ন ফাঁস হয়নি।

এ বিষয়ে ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ■ পৃষ্ঠা ১৭ : কলাম ৪

## ‘ঘ’ ইউনিটের প্রশ্ন ফাঁস

[তৃতীয় পৃষ্ঠার পর]

আখতারুজ্জামান বলেন, ‘পরীক্ষা শেষে আমরা প্রশ্ন ফাঁসের বিষয়টি জানতে পেরেছি। একটি চক্র বিশ্ববিদ্যালয়কে অস্থিতিশীল করার চেষ্টা করছে।’

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ‘ঘ’ ইউনিটের ভর্তি পরীক্ষার প্রশ্ন ফাঁস নিয়ে প্রকাশিত সংবাদের প্রতিবাদ জানিয়েছেন অধ্যাপক সাদেকা হালিম। প্রতিবাদলিপিতে বলা হয়, পরীক্ষার আগের দিন রাতেই প্রশ্নপত্র বা এর একাংশ ফাঁস হয়েছে বলে যে খবর প্রকাশিত হয়েছে তা অসত্য। যে প্রক্রিয়ায় প্রশ্ন প্রণয়ন ও মুদ্রণ হয় তাতে প্রশ্নপত্র ফাঁসের কোনো সুযোগ নেই।

এদিকে প্রশ্ন ফাঁসের বিষয়টি নিয়ে বর্তমানে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ব্যাপক আলোচনা হচ্ছে। সামাজিক যোগাযোগ মাধ্যমে ‘ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবার’ নামে একটি ফেসবুক গ্রুপে আলোচনা-সমালোচনায় অংশ নিচ্ছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা। তাদের অনেকেই পুনরায় ভর্তি পরীক্ষা নেওয়ার দাবি জানান।

**বাম ছাত্র সংগঠনের কর্মসূচি :** ফাঁস হওয়া প্রশ্নপত্রে নেওয়া ঢাবির ‘ঘ’ ইউনিটের ভর্তি পরীক্ষা বাতিল ও এর সঙ্গে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করেছে বাম ছাত্র সংগঠনগুলো। সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট, ছাত্র ইউনিয়ন ও ছাত্র ফেডারেশন আজ রোববার এর প্রতিবাদে কর্মসূচি পালন করবে।

ছাত্র ফেডারেশনের ঢাবি সাধারণ সম্পাদক তাহসিন মাহমুদ বলেন, পরীক্ষার আগে প্রশ্ন ফাঁস হলেও সেই প্রশ্নপত্রে পরীক্ষা নেওয়ার বিষয়টি বিশ্ববিদ্যালয় প্রশাসন ও শিক্ষার্থীদের জন্য অপমানজনক। ফেডারেশন এ পরীক্ষা বাতিলের পাশাপাশি জড়িতদের শাস্তির দাবি জানিয়েছে।

ছাত্র ইউনিয়নের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক লিটন নন্দী জানান, ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের প্রতিবাদ জানাচ্ছে ছাত্র ইউনিয়ন। এ ঘটনার প্রতিবাদে রোববার দুপুরে সংগঠনটির পক্ষ থেকে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করা হবে। একই দাবিতে আজ দুপুরে ক্যাম্পাসে মিছিল করবে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট।